**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ফিতা কেটে 2023 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের উদ্বোধন করলেন

***এশিয়ান ভিলেজের সূচনা এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য ফেয়ারকে আকর্ষণীয় করার জন্য উন্নয়নের উদযাপন করলেন***

***গোট প্যাভিলিয়ন এবং শায়ান স্ট্রিটস্কেপ উন্নয়ন পরিদর্শন করলেন, যা গত বছরে ঘোষিত 34.7 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রথম প্রকল্পসমূহ***

***ফেয়ারগ্রাউন্ডে অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের কথা জানালেন***

***কৃষিপর্যটন চালনা করার জন্য এবং পুরো স্টেটের কাউন্টি মেলা তুলে ধরার জন্য নতুন 1 মিলিয়ন মার্কিন ডলার RFP ঘোষণা করলেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে 2023 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের (Great New York State Fair) উদ্বোধন করলেন, স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সাথে একটি ফিতা কাটার অনুষ্ঠানে যোগদান করে 13 দিন ব্যাপী দেশের প্রাচীনতম স্টেট মেলার সূচনা করলেন। এছাড়াও গভর্নর ফেয়ারের সবথেকে নতুন সাংস্কৃতিক গ্রাম, এশিয়ান ভিলেজের ফিতা কাটলেন। গভর্নর এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের তত্ত্বাবধান করা কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets), ফেয়ারকে সকল নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষের জন্য একটি স্বাগত স্থান করা নিশ্চিত রাখাকে অগ্রাধিকার দিচ্ছে। মেলায় বেড়াতে আসা মানুষকে নিয়েও ইয়র্কবাসীদের বহু পটভূমি ও সংস্কৃতির অভিজ্ঞতা গ্রহণ, উপভোগ ও জানার সুযোগ প্রদান করার জন্য ল্যাটিনো ভিলেজ, প্যান আফ্রিকান ভিলেজ, এবং ইন্ডিয়ান ভিলেজের সাথে এশিয়ান ভিলেজটি যোগ দিচ্ছে।

"গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার আমাদের কৃষক, পণ্য, সংস্কৃতি এবং বৈচিত্র্য উদযাপন করার একটি দারুণ সুযোগ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের কৃষক ও কৃষিশিল্প আমাদের পরিচয়ের জন্য অত্যাবশ্যকীয় এবং দুর্দান্ত এই ঐতিহ্যে বেড়াতে আসার জন্য এবং এম্পায়ার স্টেটের প্রাচুর্যপূর্ণ সম্পদ উদযাপন করার জন্য আমি নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষ সকলকে উৎসাহিত করছি।"

ফেয়ারগ্রাউন্ডের গেট 4 এর নিকটে অবস্থিত এশিয়ান ভিলেজটি সঙ্গীত, নৃত্য, খাদ্য, এবং অন্যান্য একাধিক বিশেষ ইভেন্টের মাধ্যমে এশিয়ান আমেরিকান, নেটিভ হাওয়াইয়ের অধিবাসী, প্যাসিফিক আইল্যান্ডার সম্প্রদায়সমূহের অবদান, ইতিহাস, এবং অভিজ্ঞতার স্বীকৃতি দান করে। 26 আগস্ট, রাত 10টা পর্যন্ত এশিয়ান ভিলেজ চলবে।

এছাড়াও গভর্নরের পরিদর্শনের সময় তিনি রেস্টুরেন্ট রো-তে করা স্ট্রিটস্কেপ উন্নয়ন ঘুরে দেখেন, এটি একটি 2,500 বর্গফুটের গোট প্যাভিলিয়ন, যা সৌর শক্তি চালিত এবং ছাগলের প্রদর্শনীর জন্য একটি উন্মুক্ত স্থান রয়েছে, এবং একটি নতুন 1,600 বর্গফুটের কনসেশন স্ট্যান্ড, যা ফেয়ারের স্থানীয় কাঠামোর বিস্তারে সংযোজিত হয়েছে। এই উন্নয়নকাজগুলি হলো গত বছর ফেয়ার পরিদর্শনের সময় গভর্নরের ঘোষিত 34.7 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ। এছাড়াও একটি গ্রিনহাউজ এবং হর্টিকালচার শিক্ষা কেন্দ্র, একটি নতুন ভেড়ার গোলাঘর ও পশমের কেন্দ্র, এবং নতুন ঘোড়ার আস্তাবলের কাজ চলছে, যার কাজ 2025 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের আগে শেষ হবে বলে আশা করা যাচ্ছে। এইসব উন্নয়নকাজ 2015 সাল থেকে যে 125 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সংস্কার ও নতুন নির্মাণকাজ হয়েছে তার অনুবর্তী।

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "আমাদের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে ফেরত আসতে পারা সবসময় দারুণ, যেখানে নিউ ইয়র্কের প্রিয় ঐতিহ্যের উদযাপন হয় এবং যা আমাদের স্টেটের সেরা সবকিছুর উপর আলোকপাত করে। সুস্বাদু খাদ্য এবং চমৎকার সঙ্গীত থেকে শুরু করে আমাদের কৃষি সম্প্রদায়ের কঠোর পরিশ্রম তুলে ধরে এমন আকর্ষণীয় কৃষি প্রদর্শনী পর্যন্ত, গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে বেড়াতে আসা সকল ধরনের মানুষের জন্য কিছু না কিছু বিশেষ রয়েছে। বছরের পর বছর একত্রে এসে নিউ ইয়র্ক স্টেটের প্রিয় সকল কিছুকে সত্যিকারভাবে প্রদর্শন করার জন্য ফেয়ার আয়োজন করার জন্য আমাদের সকল অংশীদারের প্রতি আমি কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের পরিচালক শন হেনেসি বলেন,** "এই বছর গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে মেলায় বেড়াতে যাওয়া মানুষের জন্য বর্ধিত অ্যাক্সেসিবিলিটি ব্যবস্থা থেকে শুরু করে সম্প্রসারিত সাংস্কৃতিক প্রদর্শনী পর্যন্ত বহু নতুন আকর্ষণ রয়েছে, যা আরো বেশি নিউ ইয়র্কবাসীকে আমাদের ফেয়ারগ্রাউন্ডে নতুন এবং প্রিয় স্মৃতি তৈরিতে সাহায্য করবে। ফেয়ারের আরেকটি দারুণ বছরে মেলায় বেড়াতে আসা মানুষকে এইসব নতুন উদ্যোগ দেখানোর জন্য, এবং দীর্ঘদিন ধরে পালন করা ঐতিহ্য উদযাপনের জন্য আমি উন্মুখ!"

পাশাপাশি, গভর্নর দ্য ইয়ুথ বিল্ডিংও পরিদর্শন করেন, যেখানে সম্প্রতি একটি অ্যাক্সেসিবল র‍্যাম্প সংযোজিত হয়েছে যা হুইলচেয়ার ব্যবহারকারীদের জন্য সুবিধাজনক স্টেজ অ্যাক্সেস প্রদান করে। ইয়ুথ বিল্ডিংয়ে মেলা চলাকালীন সময়ে 4-H শো এবং প্রতিযোগিতার আয়োজন করা হয়। গভর্নর তার পুরো শৈশবে কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশনের (Cornell Cooperative Extension) 4-H কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন, এবং তিনি দায়িত্বরত প্রথম গভর্নর হিসেবে 4-H বিশিষ্ট অ্যালামনাই মেডেলিয়ান (4-H Distinguished Alumni Medallion) দ্বারা সম্মানিত হয়েছেন, গত বছর তাকে এই সম্মাননা প্রদান করা হয়।

র‍্যাম্পটি হলো এই বছর ফেয়ারের প্রশাসনিক দল কর্তৃক অগ্রাধিকার পাওয়া দুইটি অ্যাক্সেসিবিলিটি উন্নয়নের একটি। পাশাপাশি, ফেয়ার সবার্বার্ন পার্কে একটি নুড়িপাথরের এলাকা

স্থাপন করেছে, যাতে অ্যাক্সেসিবল বসার ব্যবস্থা করা যায়। বিগত বছরগুলিতে, সবার্বার্ন পার্কে প্ল্যাটফর্ম ধরনের অ্যাক্সেসিবল বসার ব্যবস্থা করা হয়েছে; কিন্তু যারা হুইলচেয়ার ব্যবহার করে তাদের স্টেজ থেকে দূরে বসতে হয়েছে।

2023 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে এক বা একাধিকবার বেড়াতে যাওয়ার পরিকল্পনা করতে থাকা নাগরিক/প্রতিবেশীদের জন্য ফেয়ার অক্ষমতাসহ বসবাস করা ব্যক্তিদের জন্য একাধিক বন্দোবস্ত করেছে। একটি অ্যাক্সেসিবিলিটি সেবা মানচিত্রে (Accessibility Services Map) এই বন্দোবস্তের রূপরেখা প্রদান করা আছে, যা ফেয়ারের ওয়েবসাইটে এবং সেই সাথে ফেয়ার চলাকালীন সময়ে পুরো ফেয়ারগ্রাউন্ডে স্থাপন করা ডিজিটাল কিয়স্কে পাওয়া পাবে।

নিউ ইয়র্কের কাউন্টি ও স্থানীয় মেলা জোরদার করতে তার প্রতিশ্রুতির অংশ হিসেবে, যার মধ্যে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের ক্রস প্রচারণা রয়েছে, গভর্নর স্থানীয় মেলার বাজারজাতকরণ ও বিজ্ঞাপনী ক্যাম্পেইনের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) শুরুর ঘোষণা করেছেন। স্টেটে 50টির বেশি কাউন্টি ও স্থানীয় ফেয়ার রয়েছে, যা স্টেটকে কৃষি পণ্য, অনুশীলন, ইতিহাস, এবং ঐতিহ্য প্রদর্শন করতে সাহায্য করে। স্টেটের কাউন্টি ও স্থানীয় মেলায় উপস্থিতির সংখ্যা বৃদ্ধি করার জন্য এবং সেই সাথে মেলা কীভাবে স্থানীয় অর্থনীতি ও কৃষিকে সমর্থন করতে সাহায্য করে সে সম্পর্কে সম্প্রদায়সমূহকে শিক্ষাদান করার জন্য বাজারজাতকরণ ও বিজ্ঞাপনী ক্যাম্পেইনটি নকশা করা হবে। 18 অক্টোবর, 2023 এর মধ্যে প্রস্তাবনা জমা দিতে হবে। আরো তথ্য এখানে পাওয়া যেতে পারে।

**স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন,** "ফেয়ারের উদ্বোধনী দিবস হলো প্রিয় একটি ঐতিহ্য যেখানে আমরা নিউ ইয়র্ক স্টেটকে উদযাপন করি, নতুন স্মৃতি তৈরি করি এবং আমাদের সকল পুরনো প্রিয় বস্তুকে উপভোগ করি। মেলাটি সেন্ট্রালি নিউ ইয়র্কের জন্য একটি অর্থনৈতিক চালিকাশক্তি এবং ফেয়ারগ্রাউন্ডের প্রতিনিধিত্ব করতে পারা একটি বিশেষাধিকার এবং দায়িত্ব। দায়িত্ব গ্রহণের পর থেকে আমি ফেয়ারগ্রাউন্ডের জন্য বহু মিলিয়ন মার্কিন ডলার মূলধন বিনিয়োগ এবং নতুন সুযোগসুবিধার সমর্থন করেছি। অক্ষমতা কমিটির (Disabilities Committee) চেয়ারম্যান হিসেবে, সকল নিউ ইয়র্কবাসীকে উপস্থিত হয়ে মেলাকে সম্পূর্ণ উপলভ্য করতে সাহায্য করার জন্য নতুন অ্যাক্সেসিবিলিটি উন্নয়ন নিয়ে আমি বিশেষভাবে গর্বিত। গভর্নর হোকলের নেতৃত্ব এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**স্টেটের সিনেটর র‍্যাচেল ময় বলেন,** "গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হলো সেন্ট্রাল নিউ ইয়র্কে আমার সবথেকে প্রিয় বার্ষিক ঐতিহ্যগুলির একটি। এটি হলো নিউ ইয়র্কের সকল দারুণ দৃশ্য, শব্দ, সংস্কৃতি, এবং খাদ্য প্রদর্শন করার সময়। এই বছরটি বিশেষভাবে আকর্ষণীয় কারণে ফেয়ারগ্রাউন্ডে বেশ কিছু অত্যন্ত প্রত্যাশিত সংযোজন হয়েছে, যার মধ্যে নতুন এশিয়ান ভিলেজ এবং একটি অত্যাধুনিক ছাগলের গোলাঘর রয়েছে। এই উন্নয়নগুলি ভবিষ্যতে অনেকদিন পর্যন্ত মেলার বৈচিত্র্য এবং প্রাণশক্তি নিশ্চিত রাখবে, এবং গভর্নর হোকলের নেতৃত্ব এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারকে দেশের সেরা মেলা করে রাখার প্রতি তার প্রতিশ্রুতি ছাড়া সম্ভব হতো না।"

**স্টেটের সিনেটর মিশেল হিঙ্কি বলেন,** "গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হলো নিউ ইয়র্কের কৃষি ও গ্রামীণ ঐতিহ্যের একটি উদযাপন যা বহু প্রজন্ম ধরে লালিত হয়ে আসছে, এবং এই বছর এটি

নতুন প্রদর্শনী ও পরিবারসমূহের জন্য ফেয়ারগ্রাউন্ডে দারুণ স্মৃতি তৈরির সুযোগ নিয়ে বিজয়ীবেশে আরেকবার ফেরত আসছে। মেলায় বেড়াতে আসা ব্যক্তিরা আমাদের গ্রামীণ সম্প্রদায়ের গর্বের অভিজ্ঞতা গ্রহণ করতে পারবে, যার মধ্যে রয়েছে দুর্দান্ত 4-H শো এবং গবাদি প্রদর্শনকারীদের প্রতিযোগিতা এবং ক্ষুদ্র ব্যবসার বিক্রেতা। গভর্নর হোকল, কৃষি ও বাজার, এবং মেলাকে সকলের জন্য অবিস্মরণীয় অভিজ্ঞতা করে তোলা সকল অংশীদারকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন,** "129 অ্যাসেম্বলি জেলায় গর্বসহকারে অবস্থানরত, গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারকে আমি আরেকবার স্বাগত জানাতে চাই।2023 সালের সকল নতুন আকর্ষণ ও প্রদর্শনী দেখার জন্য আমি উন্মুখ।গ্রীষ্মকালীন এই ঐতিহ্য সারা দেশ থেকে বেড়াতে আসা সকল মানুষকে নিউ ইয়র্ক স্টেটের বিশেষত্ব, যেমন খাদ্য ও বিনোদন, যা নিউ ইয়র্কের কৃষি ও ক্ষুদ্র ব্যবসার উপর আলোকপাত করে, তার অভিজ্ঞতা গ্রহণের সুযোগ প্রদান করে।"

**অ্যাসেম্বলি সদস্য পামেলা জে. হান্টার বলেন,** "সেন্ট্রাল নিউ ইয়র্কে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের প্রত্যাবর্তনকে স্বাগত জানাতে পেরে আমি খুশি। এই বছর মেলায় বেড়াতে যাওয়া মানুষের জন্য নতুন ও আকর্ষণীয় অভিজ্ঞতা রয়েছে, যেমন এশিয়ান ভিলেজ এবং একটি ডাইনোসর প্রদর্শনী, সেই সাথে রয়েছে বিদ্যমান সুযোগসুবিধা ও আকর্ষণের উন্নয়ন যার উদ্দেশ্য সকল নিউ ইয়র্কবাসীর জন্য অভিজ্ঞতা উন্নত করা।আমাদের পুরো অঞ্চলের পরিবারগুলিকে শুধু ফেয়ারে পাওয়া যাবে এমন অনন্য অভিজ্ঞতা উপভোগ করতে দেখার জন্য আমি উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য আলবার্ট এ. স্ট্রাইপ জুনিয়র বলেন,** "অপেক্ষার সময় শেষ হয়েছে। গ্রেট NY স্টেট ফেয়ার খুলে দেওয়া হয়েছে। আগামী 13 দিন ধরে স্থানীয় পরিবার এবং পর্যটক সকলেই খেলা, রাইড, সুস্বাদু ও বৈচিত্র্যময় খাদ্য এবং বিশ্বমানের সঙ্গীত বিনোদন উপভোগ করবে। গ্রীষ্মকাল শেষ করার এটি নিখুঁত একটি উপায়। মেলায় আপনার সাথে দেখা হবে!"

**অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন,** "সবসময়ের মতোই, আমি গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারকে উপভোগ করার জন্য উন্মুখ হয়ে আছি। ফেয়ার আমাদের স্টেটের বহু আকর্ষণ দেখার ও উপভোগ করার দারুণ একটি সুযোগ প্রদান করে। এই বছর ফেয়ারে যেই নতুন প্রদর্শনী ও উন্নয়ন যোগ করা হচ্ছে আমি বিশেষভাবে তা দেখার জন্য উন্মুখ। কৃষি প্রধান হিসেবে, আমি সরাসরি নতুন ভয়েস অফ দ্য ফার্মার এক্সিবিট এবং গোট প্যাভিলিয়ন দেখতে যাবো। সারা বছর এই বিশাল ইভেন্টটির জন্য কাজ করা সকলকে ধন্যবাদ।"

**ওনোন্ডাগা কাউন্টি নির্বাহী ম্যাকম্যাহন বলেন,** "গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের অবস্থান হতে পেরে ওনোন্ডাগা কাউন্টি গর্বিত এবং পুরো স্টেট এবং দেশ থেকে আগত হাজার হাজার বেড়াতে আসা মানুষকে আমাদের সম্প্রদায়ে স্বাগত জানাচ্ছি। প্রতি বছর ফেয়ার কিছু নতুন এবং আকর্ষণীয় নিয়ে আসে, এই বছরও তার ব্যতিক্রম নয়।" ম্যাকম্যাহন আরো বলেন, "ওনোন্ডাগা কাউন্টি এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের বহু অবদানের উপর আলোকপাত করে এমন আরেকটি সফল ফেয়ার দেখতে আমি উন্মুখ এবং সকলকে 2023 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে বেড়াতে আসার জন্য আমি উৎসাহিত করছি!"

**সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন,** "গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হলো সিরাকিউজের প্রতিশব্দের মতো এবং এটি শহর এবং আমাদের অঞ্চলের নয় একটি অর্থনৈতিক চালিকাশক্তি। সামনের দিনগুলিতে আমি একাধিক বার ফেয়ারগ্রাউন্ডে যাবো, এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক, স্টেট এবং দেশের সকল স্থানে মানুষকে ফেরা র শেষ হওয়ার পূর্বে এখানে আসার জন্য উৎসাহিত করছি। গভর্নর হোকলের সমর্থন নিয়ে, সুযোগসুবিধা ও আকর্ষণ দিনদিন উন্নত হয়ে যাচ্ছে। আসুন 2023 স্টেট ফেয়ারকে এখন পর্যন্ত সেরা ফেয়ার বানাই!"

3 সেপ্টেম্বর, সোমবার, শ্রম দিবস পর্যন্ত গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার চলবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন